

# সমকাল

## প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু রোববার

১৬ নভেম্বর ২০১৯

---

সমকাল প্রতিবেদক

---



ফাইল ছবি

দেশজুড়ে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে রোববার। পরীক্ষা চলবে ২৪ নভেম্বর পর্যন্ত। এবার মোট পরীক্ষার্থী ২৯ লাখ ৩ হাজার ৬৩৮। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৫ লাখ ৫৩ হাজার ২৬৭ এবং ইবতেদায়ি সমাপনীতে ৩ লাখ ৫০ হাজার ৩৭১ শিক্ষার্থী পরীক্ষা দেবে।

পরীক্ষা প্রতিদিন সকাল সাড়ে ১০টায় শুরু হয়ে দুপুর ১টায় শেষ হবে। বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট সময় বরাদ্দ থাকবে। ছয়টি বিষয়ের প্রতিটিতে ১০০ করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাত হাজার ৪৭০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে দেশের অভ্যন্তরে সাত হাজার ৪৫৮টি এবং আট দেশে ১২টি (সৌদি আরবে চার, সংযুক্ত আরব আমিরাতে দুই, বাহরাইনে এক, ওমানে এক, কুয়েতে এক, লিবিয়ায় এক, গ্রিসে এক, কাতারে এক) কেন্দ্র থাকবে।

দেশের বাইরের কেন্দ্রগুলোতে পরীক্ষার্থীর সংখ্যা ৬১৫, এর মধ্যে ছাত্র ২৮৯ ও ছাত্রী ৩২৬ জন।